

# শিক্ষার্থীদের আগমন-প্রস্থান ও ফ্রন্ট ডেস্ক অফিস সংক্রান্ত নোটিশ

প্রিয় অভিভাবকবৃন্দ!

যাইতুন একাডেমির শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তা ও আগমন-প্রস্থান সুশৃঙ্খল করতে নিম্নের নির্দেশনাগুলো ১৪ আগস্ট, ২০২৪ ইং থেকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে:

১. অভিভাবকবৃন্দ অফিসিয়াল কাজ, টিউশন ফি জমাদান ও অন্যান্য কাজের জন্য গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত ফ্রন্ট ডেস্ক অফিসে যোগাযোগ করবেন।

২. অভিভাবকবৃন্দ হিফজ বিভাগের (আবাসিক, অনাবাসিক, ডে কেয়ার) সকল শিক্ষার্থী ফ্রন্ট ডেস্ক অফিসে ড্রপ করবেন। তারা কেউ দ্বিতীয় তলা/চতুর্থ তলায় যাবেন না।

৩. একাডেমিক শাখা, অনাবাসিক ও ডে কেয়ারের শিক্ষার্থীদের প্রস্থান পয়েন্ট হচ্ছে ফ্রন্ট অফিস। সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বশীল শিক্ষকবৃন্দ সময় অনুযায়ী শিক্ষার্থীদের ফ্রন্ট ডেস্কে রেখে যাবেন। অভিভাবকবৃন্দ শিডিউল টাইম অনুযায়ী ফ্রন্ট ডেস্ক থেকে প্রতিদিন বাচ্চাদের গ্রহণ করবেন।

**একাডেমিক, অনাবাসিক ও ডে কেয়ার শিক্ষার্থীদের আগমন ও প্রস্থান শিডিউল:**

ডে কেয়ার ও অনাবাসিক আগমন	অনাবাসিক প্রস্থান	অনাবাসিক আগমন (২য় বার)	ডে কেয়ার ও অনাবাসিক প্রস্থান	একাডেমিক শাখা আগমন ও প্রস্থান	আফটার স্কুল হিফজ আগমন ও প্রস্থান
সকাল ০৫:৩০- ০৬:০০ <i>(ফজরের পর থেকে ৪৫ মি.)</i>	সকাল: ০৯:৪৫- ১০:০০	দুপুর: ০২:০০- ০২:১৫	ছাত্রী: রাত ০৮:৪৫-০৯:০০ ছাত্র: রাত ০৯:০০-০৯:১৫	আগমন: সকাল ০৭:৪৫-০৮:০০ প্রস্থান: সকাল: ১১:৪০ দুপুর: ০১:৪০	আগমন: মাগরিবের ১০ মিনিট পূর্বে। প্রস্থান: ০৮:৪৫- ০৯:০০

৪. উপরোক্ত টাইম শিডিউল যথাযথভাবে সবাই পালন করবেন। শিডিউলের বাইরে ছাত্র-ছাত্রী আগমন ও প্রস্থান করা যাবে না।

৫. আবাসিক শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ ছাত্র-ছাত্রীদের আবাসিক ও পড়ালেখার এরিয়ায় সরাসরি প্রবেশ করতে পারবেন না। বিশেষ প্রয়োজনে কতৃপক্ষের অনুমতি নিতে হবে।

৬. আবাসিক শিক্ষার্থীদের সাথে দেখা সাক্ষাত ও মোবাইলে কথা বলার সময় আছর থেকে মাগরিব পর্যন্ত। দেখা-সাক্ষাত ফ্রন্ট ডেস্ক অফিসে করতে হবে।

৭. আবাসিক ও ডে কেয়ার শিক্ষার্থীদের খাবার দিতে হলে ফ্রন্ট অফিসে খাবার দিতে হবে। ওখান থেকে দায়িত্বশীলগণ খাবার নির্দিষ্ট ছাত্র-ছাত্রীকে পৌঁছে দিবেন।

৮. দ্বিতীয় তলায় কোনো দায়িত্বশীলের সাথে দেখা করতে হলে ফ্রন্ট ডেস্ক অফিস থেকে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করা হবে। অভিভাবকবৃন্দ ফ্রন্ট ডেস্কের সহায়তা নিয়ে উপরে আসবেন।

৯. **ফ্রন্ট ডেস্ক অফিসের ডেডিকেটেড মোবাইল নং হচ্ছে: ০১৩২৯-৭৩২৯৪৩ (জেনাব ইসমাইল শেখ)।** যেকোনো সহায়তার জন্য এই নাম্বারে যোগাযোগ করুন (সকাল ০৬:০০ টা থেকে রাত ০৯:৩০)।

১০. আপনার দায়িত্বশীল সহযোগিতা যাইতুন একাডেমিকে আরো উচ্চতায় নিয়ে যাবে ইনশাআল্লাহ।

নোটিশ প্রদানের তারিখ: ১৪ আগস্ট, ২০২৪ ইংরেজি।